

63/1 (SEM-4) BEN HC 4096 (CC 9)

2022

BENGALI

Paper : CC-9

(Rabindra Literature—2)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির শুদ্ধ বিকল্প বেছে নিয়ে লেখো : ১×৬=৬

(ক) নিরুপমার পিতার নাম কী ?

(i) রায়সুন্দর

(ii) হরিসুন্দর

(iii) রামসুন্দর

(iv) বিদ্যাসুন্দর

(খ) পোস্টমাস্টারের বাড়ি কোথায় ছিল ?

(i) আসাম

(ii) বিহার

(iii) কলকাতা

(iv) উড়িষ্যা

(2)

- (গ) 'জীবনস্মৃতি' গ্রন্থের প্রথম পরিচ্ছেদের নাম কী?
(i) 'রচনাপ্রকাশ'
(ii) 'ঘরের পড়া'
(iii) 'পিতৃদেব'
(iv) 'শিক্ষারম্ভ'
- (ঘ) 'জীবনস্মৃতি' গ্রন্থের 'স্বাদেশিকতা' অধ্যায়ে কোন্ মেলার উল্লেখ আছে?
(i) বাউল মেলা
(ii) হিন্দুমেলা
(iii) রথের মেলা
(iv) ভারতমেলা
- (ঙ) 'দুয়ারানী' কবিতায় কাকে দুয়ারানী ভাবা হচ্ছে?
(i) মাসীকে
(ii) পিসিকে
(iii) মাকে
(iv) দিদিকে
- (চ) 'বাউল' কবিতায় বাউল কোথায় দাঁড়িয়েছিল?
(i) বটতলায়
(ii) অশথতলায়
(iii) তেঁতুলতলায়
(iv) শালতলায়

(3)

- ২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০
- (ক) রামসুন্দর মিত্র নিরুপমার বিয়েতে কী কী দানসামগ্রী দিতে রাজি হয়েছিলেন?
(খ) "আহা দুটিতে বেশ মানায়"—কোন্ গল্পের অংশ?
'দুটিতে' বলতে কাদের বোঝানো হয়েছে?
(গ) রবীন্দ্রনাথের দুজন গৃহশিক্ষকের নাম লেখো।
(ঘ) 'জীবনস্মৃতি' অবলম্বনে রবীন্দ্রনাথ শিক্ষালাভ করেছিলেন এমন দুটি স্কুলের নাম লেখো।
(ঙ) 'মনে পড়া' কবিতায় শিশুটির কোন্ সময়ে মায়ের কথা মনে পড়তো—যে কোনো দুটি উল্লেখ করো।
- ৩। নিম্নলিখিত যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও : ৫×৬=৩০
- (ক) "এবারে বিশ হাজার টাকা পণ এবং হাতে হাতে আদায়।"—কে, কাকে উক্তিটি করেছিল? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।
(খ) "বাড়ির লোক সকলেই বিষম বিব্রত হইয়া উঠিল"—'সমাপ্তি' গল্প অবলম্বনে এই বিষম ও বিব্রত ঘটনার কারণ উল্লেখ করো।
(গ) "জলের মাছকে ডাঙায় তুলিলে যে রকম হয়, এই গণ্ডগ্রামের মধ্যে আসিয়া পোস্টমাস্টারেরও সেই দশা উপস্থিত হইয়াছে।"—ব্যাখ্যা করো।
(ঘ) 'একরাত্রি' গল্প অবলম্বনে সুরবালা চরিত্রটি সংক্ষেপে বর্ণনা করো।
(ঙ) 'জীবনস্মৃতি' গ্রন্থ অবলম্বনে কৈলাশ মুখুজ্যের পরিচয় দাও।

- (চ) ঈশ্বর কে? 'জীবনস্মৃতি' গ্রন্থ অবলম্বনে তাঁর শুচিতা বাতিকের চিত্রটি সংক্ষেপে তুলে ধরো।
- (ছ) "দ্বিতীয়বার আমার পরীক্ষা হইল"—এখানে কার, কোন্ পরীক্ষার কথা বলা হয়েছে? ঘটনাটি বর্ণনা করো।
- (জ) 'দুয়োরানী' কবিতা অবলম্বনে দুয়োরানীর ঘর সংলগ্ন পরিবেশের চিত্রটি বর্ণনা করো।
- (ঝ) 'রাজমিস্ত্রী' কবিতা অবলম্বনে কবির দিনচর্যার পরিচয় দাও।
- ৪। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০
- (ক) 'পোস্টমাস্টার' গল্প অবলম্বনে রতন চরিত্রের ওপর আলোকপাত করো।
- (খ) 'মনে পড়া' কবিতার বক্তব্যবিষয় পরিস্ফুট করো।
- (গ) ঠাকুরবাড়িতে যে স্বদেশপ্রেমের পরিবেশ গড়ে উঠেছিল তা নিজের ভাষায় লেখো।
- ৫। নিম্নলিখিত যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১৪
- (ক) রবীন্দ্রনাথের 'সুভা' গল্পটির বিষয়বস্তু তোমার নিজের ভাষায় বর্ণনা করো।
- (খ) রবীন্দ্রনাথের ছেলেবেলায় জোড়াসাঁকোর ঠাকুরবাড়িতে সাহিত্যের যে হাওয়া বইত তার সম্যক আলোচনা প্রস্তুত করো।